

ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

এফএসডি সার্কুলার নং-০২

৩০ জুন, ২০১৪

তারিখ: -----

১৬ আষাঢ়, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ত্রৈমাসিক ভিত্তিতে সম্পদ ও দায় এবং লাভ-ক্ষতির বিবরণী দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নভেম্বর ৬, ২০১৩ তারিখের ডিওএস সার্কুলার নং-০৫ এর মাধ্যমে তফসিলি ব্যাংকগুলোকে সম্পদ ও দায় এবং লাভ-ক্ষতি সংক্রান্ত বিবরণী ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ৩৮ এর প্রথম তফসিলি অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিল করার জন্য নির্দেশনা দেয়া হয়। এখন থেকে সম্পদ ও দায় এবং লাভ-ক্ষতি সংক্রান্ত বিবরণী ত্রৈমাসিক ভিত্তিতে (সংশ্লিষ্ট ত্রৈমাসিকের পরবর্তী মাসের শেষ কার্যদিবসের মধ্যে) ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিলের পাশাপাশি ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্টেও দাখিল করতে হবে। এছাড়া, মার্চ/২০১৪, জুন/২০১৪ এবং সেপ্টেম্বর/২০১৪ এ সমাপ্ত ত্রৈমাসিকগুলোর সম্পদ ও দায় এবং লাভ-ক্ষতি সংক্রান্ত বিবরণীর একটি করে কপি ৩০শে অক্টোবর ২০১৪ তারিখের মধ্যে এ বিভাগে দাখিল করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(দেবাশিস্ চক্রবর্তী)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৭৯